প্রথম আলো

তারিখ ... 12 MAR 2016 ...
পৃ. ...২... কলাম ...২...

# খুলনা বিশ্ববিদ্যালয়ে বাংলাদেশ ইয়ুথ ফেস্ট

**খুলনা প্রতিনিধি ●**

খুলনা বিশ্ববিদ্যালয়ে গতকাল শুক্রবার অনুষ্ঠিত হলো যুব উৎসব 'বাংলাদেশ ইয়ুথ ফেস্ট-২০১৬'। এতে অংশ নেন খুলনা বিভাগের বিভিন্ন কলেজ ও বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা।

এবারের উৎসবের প্রতিপাদ্য 'নলেজ ফর ট্রান্সফরমেশন' বা 'রূপান্তরের জন্য জ্ঞান'। উৎসবের আয়োজক বাংলাদেশ ব্র্যান্ড ফোরাম (বিবিএফ)। সহযোগিতায় ছিল ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই) ও *প্রথম আলো*সহ কয়েকটি প্রতিষ্ঠান।

উৎসবে সামাজিক সমস্যা সমাধানের ধারণা, প্রযুক্তি ও মুঠোফোন সম্পর্কে ধারণা ও বিভিন্ন ব্যবসায়িক উদ্যোগের ধারণা উপস্থাপন করা হয়। ২০২৫ সালে আঞ্চলিক অর্থনীতির অবস্থা কেমন হবে। অর্থনীতির চালিকাশক্তি কী কী হতে পারে তা চিহ্নিত করে উপস্থাপন ও নারী উদ্যোক্তাদের বিভিন্ন ব্যবসায়িক উদ্যোগের ধারণা উপস্থাপন করেন অংশগ্রহণকারীরা।

উৎসবে 'নারী উদ্যোক্তাদের ব্যবসায়ী উদ্যোগ' ক্যাটাগরিতে নারী শিক্ষার্থীদের কাছ থেকে পাওয়া ব্যবসায়িক ধারণাগুলো থেকে সংক্ষিপ্ত তালিকা তৈরি করা হবে।

আঞ্চলিক পর্যায়ে বিজয়ী দল আগামী এপ্রিলে অনুষ্ঠেয় ঢাকায় চূড়ান্ত পর্বের প্রতিযোগিতায় অংশ নেবে।